হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৩৩ ঃ মেহেরপুর- বৃহস্পতিবার ৪ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ২০ ভাদ্র ১৪৩২ বাংলা ঃ ১০ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



নিজেকে সবার চেয়ে সেরা মনে করছেন তানজিন তিশা -পৃষ্ঠা-৩

## নির্বাচনী পরিবেশ তৈরিতে সর্বদলীয় কমিটির প্রস্তাব

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় নির্বাচনকে সামনে রেখে নির্বাচনী পরিবেশ সৃষ্টি ও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে অন্তর্বর্তী সরকারকে সহযোগিতায় সর্বদলীয় কমিটি গঠনের প্রস্তাব এসেছে। মঙ্গলবার রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় সাতটি রাজনৈতিক দল ও একটি সংগঠনের সঙ্গে বৈঠকে এ প্রস্তাব উত্থাপন করা হয়। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। বৈঠকে আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল, গৃহায়ন ও গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান ও পরিবেশ উপদেষ্টা রিজওয়ানা হাসান উপস্থিত ছিলেন। বৈঠকে ড. ইউনূস প্রতিশ্রুতি দিয়ে বলেন, “আগামী নির্বাচন হবে অনন্য। এই নির্বাচন হবে দেশ পরিচালনার নির্বাচন, বাইরের হস্তক্ষেপের কোনো সুযোগ রাখা হবে না।” গত শুক্রবার গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুরকে আইনশৃঙ্খলা বাহিনীর হাতে মারধরের ঘটনায় উত্তেজনা ছড়িয়ে পড়ে। এরই




# মাসুদ অরুণের সঙ্গে সংশ্লিষ্টরা সতর্ক থাকুন: বিএনপি

মেহেরপুর প্রতিনিধি

বিএনপির ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মুজিবনগর উপজেলা বিএনপি কার্যালয়ের সামনে গতকাল বুধবার বিকেলে অনুষ্ঠিত আলোচনা সভায় মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান অভিযোগ করেন, “এই ফ্রাসিস্টের নেতৃত্বে থাকা কিছু আওয়ামী লীগ নেতা-কর্মী মাসুদ অরুণকে লোক সরবরাহ করছে। আমরা তাদের চিনি এবং আইনগত ব্যবস্থা নেব।” তিনি আরও জানান, “মুজিবনগরে মিলু চেয়ারম্যানের নেতৃত্বে কেউ ঢাকায়, কেউ ভারত থেকে লোক সরবরাহ করছে। সামসুজ্জোহা পার্কে বিভিন্ন গ্রামের আওয়ামী লীগ নেতাদের আত্মীয়-স্বজন মিলিয়ে তিন হাজারের মতো লোক দেখানো যায়। আগামী

২-এর পৃষ্ঠা দেখুন

### সাংবাদিকদের সাথে মত বিনিময় কালে জেলা প্রশাসক

## মেহেরপুরকে শতভাগ সাক্ষরতার জেলা হিসেবে গড়ে উঠবে

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক (ডিসি) ড. মোহাম্মদ আবদুল ছালাম গতকাল বুধবার ( ৩ সেপ্টম্বর) বিকালে জেলা প্রশাসক সম্মেলন কক্ষে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা করেছেন। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ তরিকুল ইসলাম, তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুনসহ জেলার বিভিন্ন সংবাদকর্মী উপস্থিত ছিলেন। ডিসি ড. মোহাম্মদ আবদুল ছালাম তার বক্তব্যে বলেন, “মেহেরপুর কৃষি নির্ভর জেলা। তাই কৃষির উন্নয়নের জন্য বিশেষ গুরুত্ব দিতে হবে। কৃষকদের পরিশ্রমের মূল্যায়ন করতে হবে। এছাড়া, জেলার শিক্ষার হার এখনও কম। আমি চাই, ৩ থেকে ৬ মাসের মধ্যে মেহেরপুরকে শতভাগ সাক্ষরতার জেলা হিসেবে গড়ে তুলব। আমাদের কাজের

২-এর পৃষ্ঠা দেখুন






## মেহেরপুরে বিএনপি’র দুই পক্ষের বিরোধে কৃষক নিহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার কালিগাংনী গ্রামে বিএনপি’র দুই পক্ষের সমর্থকদের মধ্যে হাতা হাতিতে মফেজ আলী (৪৫) নামের এক বিএনপির কর্মী নিহত হয়েছেন। নিহত মফেজ ওই গ্রামের ভিটাপাড়া এলাকার জামাল আলীর ছেলে। গত মঙ্গলবার (২ সেপ্টেম্বর) রাত

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে তেঁতুলবাড়ীয়া ইউপি চেয়ারম্যানের কক্ষে তালা

### ভোগান্তিতে ইউনিয়নের সাধারণ মানুষ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার ২নং তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের কক্ষ দীর্ঘদিন ধরে তালাবদ্ধ থাকায় সাধারণ মানুষ ভোগান্তিতে পড়েছেন। বিভিন্ন কাজে ইউনিয়ন পরিষদে আসা নাগরিকেরা অভিযোগ করেছেন, পরিষদের প্রধান নির্বাহী অনুপস্থিত থাকায় তারা ন্যূনতম সেবা থেকেও বঞ্চিত হচ্ছেন। গতকাল বুধবার (৩ সেপ্টম্বর) সকালে ইউনিয়ন পরিষদে এক

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনী সীমান্তে বিজিবির অভিযানে মদ ও ট্যাবলেট উদ্ধার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর সীমান্তে বিশেষ অভিযানে বিপুল পরিমাণ ভারতীয় মদ ও ডেক্সামিথাশন ট্যাবলেট উদ্ধার করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। বুধবার দুপুরে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করে। প্রেস বিজ্ঞপ্তি সূত্রে জানা যায়, ৪৭ বিজিবির অধীনস্থ কাজিপুর বিওপির

২-এর পৃষ্ঠা দেখুন

## দুই বিষয়ে অবস্থান স্পষ্ট করল বিএনপি

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় নির্বাচন বিদ্যমান পদ্ধতিতেই অনুষ্ঠিত হোক এমন অবস্থান পুনর্ব্যক্ত করেছে বিএনপি। একই সঙ্গে কোনো রাজনৈতিক দলকে নিষিদ্ধ করার পক্ষেও নেই দলটি। তবে নির্বাচন বানচালের চেষ্টা হলে সেটি রাজনৈতিকভাবেই মোকাবিলা করা হবে বলে স্থির করেছে বিএনপি নেতৃত্ব। সোমবার রাতে রাজধানীর গুলশানে চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে জাতীয় স্থায়ী কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত হয়। ভার্চুয়ালি বৈঠকের সভাপতিত্ব করেন দলের ভারপ্রাপ্ত

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে পানিতে ডুবে শিশুর মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার কল্যাণপুর গ্রামে পানিতে ডুবে মুরসালিন (১০) নামে এক শিশুর মৃত্যু হয়েছে। বুধবার (৩ সেপ্টেম্বর) বেলা সাড়ে ৩টার দিকে এ ঘটনা ঘটে। নিহত মুরসালিন ওই গ্রামের মন্ডলপাড়ার আলাউদ্দিনের ছেলে। স্থানীয়রা জানায়, দুপুরে বাড়ির পাশের পুকুরপাড়ে খেলা করছিলো মুরসালিন। খেলতে খেলতে সে পুকুরের পানিতে পড়ে যায়। পরে তাকে ভাসমান অবস্থায় দেখে এলাকাবাসী উদ্ধার করে দ্রুত একটি ক্লিনিকে নিয়ে যায়। সেখানে

২-এর পৃষ্ঠা দেখুন



## প্রাইভেটকার-ভ্যান সংঘর্ষে বিএনপির নির্বাহী সদস্য আহত

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ার ভেড়ামারায় প্রাইভেটকার ও কাভার্ড ভ্যানের সংঘর্ষে বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য ফরিদা ইয়াসমিন (৫৮) আহত হয়েছেন। বুধবার (৩ সেপ্টেম্বর) দুপুর ২টার দিকে উপজেলার ১০ মাইল এলাকায় কুষ্টিয়াঈশ্বরদী মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে। আহত ফরিদা ইয়াসমিনকে স্থানীয়রা উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করেন। এসময় তার সঙ্গে থাকা গাড়িচালকও আহত হন। পরে খবর পেয়ে জেলা বিএনপির নেতৃবৃন্দ হাসপাতালে গিয়ে তাকে দেখতে ছুটে যান।হাসপাতালের আবাসিক চিকিৎসা কর্মকর্তা

২-এর পৃষ্ঠা দেখুন

### তথ্যের দ্বার বন্ধ হলে সংবাদপ্রবাহ থেমে যায়

## মেহেরপুরে কৃষি কর্মকর্তার অবস্থান ঘিরে সাংবাদিকদের ক্ষোভ

নিজস্ব প্রতিবেদক

তথ্য হলো গণমাধ্যমের প্রাণ। মাঠপর্যায়ে ঘটে যাওয়া নানা বিষয় মানুষের কাছে পৌঁছে দেয়ার দায়িত্ব সাংবাদিকদের। কিন্তু সেই তথ্য যদি দায়িত্বপ্রাপ্ত সরকারি কর্মকর্তার কাছ থেকেই না মেলে, তাহলে সংবাদপ্রবাহ ব্যাহত হয়। সম্প্রতি মেহেরপুর সদর উপজেলা কৃষি অফিসে গিয়ে সাংবাদিকরা এমন এক পরিস্থিতির মুখোমুখি হয়েছেন।উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান স্পষ্ট জানিয়ে দিয়েছেন, “তথ্য অধিকার আইইনে আবেদন ছাড়া কোনো তথ্য দেওয়া যাবে না।” তার এই বক্তব্যে স্থানীয় সংবাদকর্মীদের মধ্যে বিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়েছে। মেহেরপুরের কৃষিনির্ভর জনপদে কৃষকদের সমস্যা, নতুন প্রযুক্তি, ফসল উৎপাদন কিংবা সরকারি উদ্যোগ এসব খবর নিয়মিতভাবে স্থান পায় স্থানীয় সংবাদমাধ্যমে। সাংবাদিকরা মাঠে গিয়ে কৃষকদের সঙ্গে কথা বলেন, পাশাপাশি কৃষি অফিস থেকেও তথ্য সংগ্রহ করেন। কিন্তু কৃষি কর্মকর্তার নতুন অবস্থান সাংবাদিকদের কাজকে জটিল করে তুলবে বলে তারা আশঙ্কা প্রকাশ করেছেন। স্থানীয় সাংবাদিকরা বলছেন, অনুসন্ধানী সাংবাদিকতা বা মাঠপর্যায়ের রিপোর্টিংয়ে সরকারি কর্মকর্তাদের সহযোগিতা অপরিহার্য। অথচ দায়িত্বশীল পদে থাকা একজন কর্মকর্তা যদি আইন দেখিয়ে দরজা বন্ধ করে দেন, তবে জনস্বার্থের খবর সংগ্রহে বাধা সৃষ্টি হবে।

সাংবাদিক রাব্বি আহমেদ বলেন, একটি সমাজে তথ্যপ্রবাহকে সীমিত করা মানে অন্ধকার ঘনীভূত করা। বিশেষ করে কৃষি খাতে যেখানে প্রতিদিন নতুন চ্যালেঞ্জ, নতুন উদ্যোগড়সেখানে গণমাধ্যমকে দূরে সরিয়ে রাখা জনগণকে অজ্ঞ রাখার সামিল। সাংবাদিকদের ক্ষোভ তাই শুধু পেশাগত নয়,

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে গাঁজা সহ যুবক আটক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর প্রতিনিধি মেহেরপুর সদর উপজেলার বালিয়াঘাট পূর্বপাড়ায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। গতকাল বুধবার (৩ সেপ্টেম্বর) বিকালে এ অভিযান পরিচালনা করা হয়। এসময় গাঁজা সহ রাসেল (৩১) নামের এক যুবককে আটক করে। পরে

২-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় ক্লিনিক-ডায়াগনস্টিক সেন্টারে ভোক্তা অধিদপ্তরের অভিযান

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গা শহরের হাসপাতাল সড়কে বেশ কয়েকটি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে তদারকিমূলক অভিযান চালিয়েছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর। অনিয়ম ও অব্যবস্থাপনার প্রমাণ মেলায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে মোট ৬০ হাজার টাকা জরিমানা করা হয়।ভোক্তা অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয় সূত্রে জানা যায়, বুধবার (৩ সেপ্টেম্বর) সকাল ১১টা থেকে দুপুর ১টা পর্যন্ত সদর উপজেলার হাসপাতাল রোড এলাকায় এই অভিযান পরিচালিত হয়। এ সময় মেয়াদোত্তীর্ণ রিএজেন্ট ব্যবহারের অভিযোগে প্রতিষ্ঠানগুলোর

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর (মোবাইল আসক্তি স্বাস্থ্য ও পড়াশোনার হুমকি)

ছোট্ট শিশু খাবে ভাত
মোবাইল থাকবে সাথে
মোবাইল না থাকলে হাতে
ভাত যাবে না মুখে।
লেখাপড়া গুল্লাই যাচ্ছে
শুধু মোবাইল টেপে
চোখের মাথা খেয়ে তারা
মাথার রোগে ভোগে।
শিশুর চোখ হচ্ছে ট্যেরা
দেখছে চোখে অল্প
অল্প বয়সে অন্ধ হচ্ছে
সত্যি কথা নয় কোন গল্প।
এখন থেকেই মাথা পিতা
ঠিক যদি না হয়
শিশু সন্তান নিয়ে তাদের
সারা জীবনের ভয়।




## ভেড়ামারায় বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ভেড়ামারা প্রতিনিধি

বিএনপির ৪৭তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে গতকাল বুধবার ( ৩ সেপ্টম্বর) সকাল ১১টায় কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলা শাখার উদ্যোগে একটি বর্ণাঢ্য র‍্যালি অনুষ্ঠিত হয়। র‍্যালিটি দলীয় কার্যালয় থেকে বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে স্থানীয় বাসস্ট্যান্ডে এসে

২-এর পৃষ্ঠা দেখুন



## গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার প্রস্তুতি সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পর্যায়ে ৫২তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনের লক্ষ্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে উপজেলা পরিষদ মিলনায়তনে

২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয় এখন
পত্রিকাতেও যেমন, ওয়েবেয়েও তেমন
প্রতিদিনের পত্রিকা অনলাইনে দেখতে ক্লিক করেন
www. amadersurjodoy.com
আমাদের সূর্যোদয়
প্রধানসড়ক, হোটেল বাজার,মেহেরপুর।
মোবাইল :01714938647

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বৃহস্পতিবার ॥ ২০ ভাদ্র ১৪৩২ বাংলা ॥ ৪ সেপ্টেম্বর ২০২৫ইং

# আওয়ামী লীগ স্থগিত থাকলে নির্বাচনে অংশ নিতে পারবে না: ইসি



সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ স্পষ্ট করে বলেছেন, কোনো রাজনৈতিক দলের কার্যক্রম স্থগিত থাকলে তাদের নিবন্ধনও স্থগিত থাকবে। ফলে ওই দল দলীয় প্রতীক নিয়ে নির্বাচনে অংশ নিতে পারবে না। তবে প্রতীক ছাড়া স্বতন্ত্র প্রার্থী হিসেবে দাঁড়ানোর সুযোগ রাখা হবে কি না, সে বিষয়ে পরে সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানান তিনি। অর্থাৎ, আওয়ামী লীগের ওপর চলমান স্থগিতাদেশ প্রত্যাহার না হলে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দলটি দলীয় প্রতীক নিয়ে অংশ নিতে পারবে না। যদিও সরাসরি আওয়ামী লীগের নাম উল্লেখ করেননি ইসি সানাউল্লাহ, তবে তার বক্তব্যে বিষয়টি স্পষ্ট হয়েছে। বুধবার (৩ সেপ্টেম্বর) রাজধানীর নির্বাচন ভবনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। এসময় তিনি গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) সংশোধনের কয়েকটি দিক তুলে ধরেন। আরপিও সংশোধনে যেসব পরিবর্তন আসছে, আইন প্রয়োগকারী সংস্থার তালিকায় সশস্ত্র বাহিনী যুক্ত করা হয়েছে। জেলা নির্বাচন কর্মকর্তা ভোটকেন্দ্র স্থাপনের ক্ষমতা পাবেন। আদালত কর্তৃক

২-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



# দাঁতের ক্ষয় বাড়ায় যেসব খাবার

সূর্যোদয় প্রতিবেদন

আমাদের দাঁতের যত্নে সচেতনতা বাড়ছে ঠিকই, কিন্তু এখনও অনেকেই জানেন না, শুধু চিনি নয়, আরও কিছু খাবার দাঁতের মারাত্মক ক্ষতি করে। দাঁতে ব্যথা শুরু হলে তবেই আমরা গুরুত্ব বুঝি। অথচ একটু খাদ্যাভ্যাসে পরিবর্তন আনলেই এ ঝুঁকি এড়ানো সম্ভব।বিশেষজ্ঞদের মতে,

নিউইয়র্কের দন্ত-চিকিৎসক ডা. সন্দীপ সাচার জানান, শুকনো ফলে প্রাকৃতিক চিনি ঘন আকারে থাকে এবং দাঁতে লেগে থেকে ব্যাকটেরিয়া জন্ম দেয়। এতে অ্যানামেল দ্রুত ক্ষয় হয়। কোন খাবার ক্ষতিকর? চকোলেট ও লজেন্স : শিশুরা বেশি খেলে দাঁতের গর্ত ও ক্ষয় হয়। চিপস ও আইসক্রিম : দাঁতে শিরশিরানি, ব্যথা ও জীবাণুর আক্রমণ বাড়ায়। পেস্ট্রি : চিনি ও তেল দাঁতের ক্ষতি ছাড়াও শরীরের জন্য ক্ষতিকর।

কার্বোনেটেড পানীয় : দাঁতের অ্যানামেল নষ্ট করে, ক্যাভিটির ঝুঁকি বাড়ায়। সাদা পাউরুটি : কার্বোহাইড্রেট ভেঙে শর্করা দাঁতে জমে ক্ষতি করে।

শুকনো ফল (খেজুর, কিশমিশ, শুকনো আম) : স্বাস্থ্যকর ভাবা হলেও দাঁতের জন্য ক্ষতিকর। দাঁত ভালো রাখতে করণীয় : দিনে অন্তত দুইবার দাঁত মাজুন।মিষ্টি বা চিনি জাতীয় খাবার খাওয়ার পর কুলকুচি করুন। পানি বেশি পান করুন। নিয়মিত ডেন্টাল চেকআপ করুন।




# কুষ্টিয়ায় বিজিবির অভিযান: মদ, বিড়ি ও কারেন্ট জাল উদ্ধার

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) সীমান্ত এলাকায় মাদক ও চোরাচালান বিরোধী অভিযানে বিপুল পরিমাণ ভারতীয় মদ, নকল পাতার বিড়ি ও কারেন্ট জাল জব্দ করেছে। গত দুই দিনে জেলার বিভিন্ন সীমান্ত এলাকায় আলাদা অভিযানে এসব পণ্য উদ্ধার করা হয়েছে। বিজিবি সূত্র জানায়, বুধবার (৩ সেপ্টেম্বর) ভোররাতে দৌলতপুর উপজেলার পদ্মা নদীর পাড় এলাকায় অভিযান চালিয়ে হাবিলদার মো. ইলিয়াস হোসেনের নেতৃত্বে ৫০০ কেজি ভারতীয় কারেন্ট জাল আটক করা হয়। জব্দকৃত জালের আনুমানিক মূল্য প্রায় ২০ লাখ টাকা। এর আগে ভোর ৪টার দিকে চিলমারী সীমান্তে নায়েব সুবেদার মো. বিল্লাল হোসেন মিনার নেতৃত্বে অভিযান চালিয়ে ভারতীয় ৫০ বোতল মদ ও ৬০০ প্যাকেট নকল পাতার বিড়ি জব্দ করা হয়। এসবের বাজারমূল্য প্রায় ১ লাখ ৮ হাজার টাকা। গত মঙ্গলবার (২

২-এর পৃষ্ঠা দেখুন



# বাংলাদেশে যুক্তরাষ্ট্রের নতুন রাষ্ট্রদূত হিসেবে আসছেন ব্রেন্ট ক্রিস্টেনসেন

সূর্যোদয় প্রতিবেদন

ঢাকায় নতুন মার্কিন রাষ্ট্রদূত হিসেবে ব্রেন্ট ক্রিস্টেনসেনের নাম মনোনয়ন দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মঙ্গলবার হোয়াইট হাউস এ তথ্য জানায়। হোয়াইট হাউসের ওয়েবসাইটের তথ্য অনুযায়ী, ব্রেন্ট ক্রিস্টেনসেনের নাম মনোনয়ন দিয়ে তা অনুমোদনের জন্য মার্কিন সিনেটে পাঠানো হয়েছে। নিয়ম অনুযায়ী, প্রথমে কাউকে রাষ্ট্রদূত হিসেবে মনোনয়ন দেন মার্কিন

২-এর পৃষ্ঠা দেখুন



# গাংনীতে শিশু ও নারীর উন্নয়নে ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনী

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার চিৎলা গ্রামে শিশু, কিশোর-কিশোরী ও নারীর উন্নয়ন, বাল্যবিবাহ প্রতিরোধ, নারী স্বাস্থ্য এবং তরুণ সমাজকে সম্পৃক্ত করার উদ্দেশ্যে ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে।গতকাল বুধবার (৩ সেপ্টেম্বর) বিকেলে জেলা তথ্য অফিসের আয়োজন করা এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা তথ্য অফিসার মোঃ আব্দুল্লাহ আল মামুন। বিশেষ অতিথি ছিলেন জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ ও জেলা কৃষি বিবরণ কর্মকর্তা তরিকুল ইসলাম। চলচ্চিত্র প্রদর্শনীর মাধ্যমে নারীর ক্ষমতায়ন, বাল্যবিবাহ প্রতিরোধ, মাতৃস্বাস্থ্য রক্ষা ও সামাজিক সচেতনতা বৃদ্ধি বিষয়ে সচেতনতা সৃষ্টি করা হয়। আয়োজকরা জানান, ভ্রাম্যমাণ চলচ্চিত্রের মাধ্যমে দূর-দূরান্তের মানুষ সহজে প্রয়োজনীয় তথ্য জানতে পারে এবং

২-এর পৃষ্ঠা দেখুন

# লটারির মাধ্যমে ডিসি নিয়োগ নাকচ করলেন জনপ্রশাসন সচিব

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় নির্বাচন সামনে রেখে মাঠ প্রশাসনের গুরুত্বপূর্ণ পদ জেলা প্রশাসক (ডিসি) নিয়োগ লটারির মাধ্যমে দেওয়ার কোনো সুযোগ নেই বলে স্পষ্ট জানিয়ে দিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. মোখলেস উর রহমান। বুধবার (৩ সেপ্টেম্বর) সচিবালয়ে পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলমের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, “কখনো কোনোদিন লটারির মাধ্যমে সিভিল সার্ভিসে পদায়ন হয়নি। এখনো হচ্ছে না, হবে না।” এর আগে স্বরাষ্ট্র মন্ত্রণালয় জানায়, স্বচ্ছতা নিশ্চিত করতে আসন্ন নির্বাচনে লটারির মাধ্যমে পুলিশ সুপার (এসপি) পদে নিয়োগ দেওয়া হবে। তবে ডিসি নিয়োগ প্রসঙ্গে জনপ্রশাসন সচিব এ প্রক্রিয়া বাতিল করেন। মোখলেস উর রহমান বলেন, “অভিযোগের বিপরীতে

২-এর পৃষ্ঠা দেখুন



# মেহেরপুরে নবাগত পুলিশ সুপার মোঃ মনজুর আহমেদ সিদ্দিকী যোগদান

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরে নতুন পুলিশ সুপার হিসেবে মোঃ মনজুর আহমেদ সিদ্দিকী বুধবার দুপুরে সার্কিট হাউসে এসে পৌঁছান। এ সময় অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান তাকে ফুলেল শুভেচ্ছা জানান। নবাগত পুলিশ সুপারের সঙ্গে ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেজবাহ উদ্দিন এবং পুলিশের অন্যান্য কর্মকর্তা। কর্মকর্তারা নতুন পুলিশ সুপারের পদায়ন ও জেলা পুলিশের কার্যক্রমে সফলতা কামনা করেন। নবাগত পুলিশ সুপার মেহেরপুরে দায়িত্ব গ্রহণের পর জেলা পুলিশের কার্যক্রম তদারকি ও আইন-শৃঙ্খলা পরিস্থিতি আরও শক্তিশালী করতে কার্যক্রম শুরু করবেন।



# সাবেক আইজিপি মামুনের জবানবন্দি হাসিনার দুঃশাসনের অকাট্য দলিল : চিফ প্রসিকিউটর

সূর্যোদয় প্রতিবেদন

মানবতাবিরোধী অপরাধের মামলায় রাজসাক্ষী হয়ে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে দেওয়া সাবেক পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুনের জবানবন্দি শেখ হাসিনার দুঃশাসনের অকাট্য দলিল বলে মন্তব্য করেছেন চিফ প্রসিকিউটর

২-এর পৃষ্ঠা দেখুন

# বিএনপি নির্বাচিত হলে স্বাস্থ্যখাতে বিনিয়োগ বাড়াবে: আমির খসরু

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ও সাবেক মন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, জনগণের ভোটে বিএনপি ক্ষমতায় এলে স্বাস্থ্যখাতে ব্যাপক বিনিয়োগ করবে। তিনি আরও বলেন, দক্ষ শ্রমিক বিদেশে পাঠানো ও এক কোটি বেকারের জন্য চাকরির ব্যবস্থা করার উদ্যোগ নেওয়া হবে, যা বিএনপি'র ঘোষিত ৩১ দফায় উল্লেখ রয়েছে। বুধবার রাজধানীর একটি অভিজাত হোটেলে 'জুলাই-পরবর্তী রাজনীতি ও বাংলাদেশের ভবিষ্যৎ পথচলা' শীর্ষক

২-এর পৃষ্ঠা দেখুন



# তিন দেশের অমুসলিম শরণার্থীদের বিশেষ সুবিধা দেবে ভারত

সূর্যোদয় প্রতিবেদন

ভারত বাংলাদেশ, আফগানিস্তান ও পাকিস্তানের অমুসলিম শরণার্থীদের বিশেষ সুবিধা দেওয়ার ঘোষণা দিয়েছে। সোমবার (১ সেপ্টেম্বর) থেকে কার্যকর হওয়া ইমিগ্রেশন অ্যান্ড ফরেনার্স অ্যাক্ট-২০২৫ এর আওতায় এসব শরণার্থী আর শাস্তির মুখোমুখি হবেন না। স্বরাষ্ট্র

২-এর পৃষ্ঠা দেখুন

# সাকিবের সিংহাসনে নতুন রাজা সিকান্দার

সূর্যোদয় প্রতিবেদন

হারারেতে শ্রীলঙ্কার বিপক্ষে দুই ম্যাচের ওয়ানডে সিরিজে ৯২ ও ৫৯ রানের ইনিংস খেলেন সিকান্দার রাজা। তাতেই অলরাউন্ডারদের র?্যাঙ্কিংয়ে সবার ওপরে উঠে আসেন তিনি, জিম্বাবুয়ে ক্রিকেটে যা বড় অর্জন। বুধবার (৩ সেপ্টেম্বর)

২-এর পৃষ্ঠা দেখুন

# নতুন বিশ্বব্যবস্থা কেমন হবে: সামরিক কুচকাওয়াজে চীনের বার্তা

সূর্যোদয় প্রতিবেদন

চীনের রাজধানী বেইজিংয়ের ঐতিহাসিক তিয়েনআনমেন স্কয়ারে আয়োজিত সামরিক কুচকাওয়াজ বিশ্ব রাজনীতিতে নতুন বার্তা দিয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জাপানের বিপক্ষে চীনের জয়ের ৮০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত এ মহড়া শুধু স্মরণ অনুষ্ঠানই নয়; বরং এতে প্রকাশ পেয়েছে চীনের সামরিক শক্তি, রাজনৈতিক অবস্থান এবং নতুন বৈশ্বিক ব্যবস্থার প্রতি তাদের দৃষ্টিভঙ্গি। প্রদর্শনীতে সবচেয়ে বেশি দৃষ্টি

২-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

# ভুল মেইলে ক্লিক করলেই ফেসবুক গায়েব!

সূর্যোদয় প্রতিবেদন

প্রযুক্তির অগ্রগতির সঙ্গে বেড়েছে প্রতারণার নতুন কৌশল। এখন বুঝে ওঠার আগেই হারাতে পারেন আপনার ফেসবুক বা অন্য যে কোনো সামাজিক যোগাযোগ মাধ্যমের নিয়ন্ত্রণ। সাম্প্রতিক সময়ে বাড়ছে এক অভিনব প্রতারণার ধরন স্পুফিং। এতে প্রতারকরা পরিচিত প্রতিষ্ঠানের নাম, লোগো ও নকশা নকল করে ফাঁদে ফেলছে ব্যবহারকারীদের। কিভাবে ঘটে প্রতারণা? ধরা যাক, আপনি ফেসবুকের পাসওয়ার্ড ভুলে গিয়ে রিসেটের চেষ্টা করলেন। ইনবক্সে এলো দুটি ই-মেইল। না ভেবেই শেষেরটিতে ক্লিক করলেন। কিছুক্ষণের মধ্যেই টের পেলেন আপনার ফেসবুক অ্যাকাউন্ট আর আপনার নিয়ন্ত্রণে নেই! কারণ, সেই ই-মেইলটি আসলে ফেসবুকের ছিল না, বরং দেখতে হুবহু একইরকম সাজানো এক ভুয়া প্রতিষ্ঠানের ছিলো। এটিই হলো স্পুফিং। কীভাবে কাজ করে স্পুফিং? প্রতারকেরা একটি ভুয়া ই-মেইল পাঠায়, যা দেখতে একেবারে আসল প্রতিষ্ঠানের মতো। ই-মেইলে থাকা লিংকে ক্লিক করলেই খুলে যায় নকল ওয়েবসাইট। সেখানে লগইন করার সঙ্গে সঙ্গেই আপনার ইউজারনেম ও



২-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর

পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫

মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

নিয়মিত রোগী দেখেন

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা।
( শুক্রবার ব্যাতিত)

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮

উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।

ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)

আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, বৃহস্পতিবার, ৪ সেপ্টেম্বর ২০২৫ ইং

## স্বপ্নভঙ্গের ট্র্যাজেডি : সুস্মিতা

ফুটবল মাঠের উজ্জ্বল নক্ষত্র সুস্মিতা মাত্র ষোলো বছর বয়সেই ঝরে গেলেন। প্রাণবন্ত হাসি, অদম্য উদ্যম আর নেতৃত্বগুণে যে কিশোরী ইতোমধ্যে জেলার ক্রীড়াঙ্গনে আলাদা পরিচয় গড়ে তুলেছিলেন, তিনি আজ আর নেই। ভুলবশত অতিরিক্ত ঘুমের ওষুধ সেবন থেকে সৃষ্ট জটিলতায় প্রাণ হারাতে হলো তাকে। এ ঘটনা শুধু একটি পরিবারের নয়, গোটা সমাজের জন্য গভীর বেদনার। সুস্মিতা ছিলেন প্রতিভার এক উজ্জ্বল উদাহরণ। ক্রিকেট, ব্যাডমিন্টনসহ বিভিন্ন খেলায় সাফল্য দেখালেও ফুটবলেই তিনি সর্বাধিক আলো ছড়িয়েছিলেন। অল্প বয়সেই মেহেরপুর জেলা নারী ফুটবল দলের অধিনায়ক হয়ে তিনি প্রমাণ করেছিলেন, স্বপ্ন বড় হলে বয়স কোনো বাধা নয়। অথচ সেই মেয়েটির স্বপ্নপাখি উড়ে যাওয়ার আগেই ডানা ভেঙে গেল। এই মৃত্যুর পেছনে আমাদের সমাজের অসচেতনতার এক নির্মম ছবি স্পষ্ট হয়ে ওঠে। ওষুধ সেবনে অবহেলা ও ভুল ব্যবহারের পরিণতি কতটা ভয়াবহ হতে পারে, সুস্মিতার ঘটনা তারই করুণ দৃষ্টান্ত। সচেতনতা, সঠিক পরামর্শ ও চিকিৎসা ব্যবস্থা সহজলভ্য না হলে এমন প্রতিভা বারবার ঝরে যাবে। আমাদের শিক্ষা ও ক্রীড়াঙ্গন থেকে শুরু করে পরিবার ও সমাজড়সবখানেই দরকার নতুন করে ভাবার। প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসচেতনতা ও মানসিক সহায়তা নিশ্চিত করতে হবে। ওষুধ ব্যবহারে অভিভাবক ও শিক্ষার্থীদের যথাযথ নির্দেশনা দিতে হবে। ক্রীড়াবিদদের জন্য নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা ও কাউন্সেলিং কার্যক্রম চালু করা জরুরি। সুস্মিতার অকালপ্রয়াণ আমাদের মনে করিয়ে দেয়, প্রতিভা লালন-পালনের পাশাপাশি তাদের নিরাপদ জীবন নিশ্চিত করার দায়িত্বও সবার। তার মতো একটি আলোকিত ভবিষ্যৎ হারানোর বেদনা যেন আর কোনো পরিবারকে না ছুঁয়ে যায়ড়এটাই আমাদের প্রত্যাশা।

## সাংবাদিকতার বর্তমান চিত্রঃ অতীতের প্রতিফলন এবং বর্তমানের সংকট

সৈয়দ আনোয়ার



বাংলাদেশে সাংবাদিকতা একসময় ছিল সত্যের আলোকবর্তিকা, জনস্বার্থের রক্ষক। পুরোনো দিনে সাংবাদিকতার মান ছিল কঠোর পরিশ্রম, ঘামের স্বাদ এবং সততার অনন্য পরিচয়। সাংবাদিকরা মাঠে নামতেন, তথ্য যাচাই করতেন, ব্যক্তিগত ঝুঁকি নিয়ে সংবাদ সংগ্রহ করতেন। সিনিয়রদের তত্ত্বাবধানে তরুণরা শিখতেন কিভাবে খবরের প্রতিটি শব্দের মর্যাদা রক্ষা করতে হয়। সেই সময় সংবাদ ছিল একটি পেশা নয়-এটি ছিল দায়িত্ব, এটি ছিল সেবার মাধ্যম। আজকের পরিস্থিতি চিত্রটি ভিন্ন। সাংবাদিকতার "কার্ডধারী" সংস্কৃতি বিস্তৃত হচ্ছে। কিছু মানুষ শুধু আইডি কার্ড ঝুলিয়ে বা অন্যের লেখা কপি-পেস্ট করে নিজেদের সাংবাদিক পরিচয় দাবি করছেন। মাঠের খবর, যাচাই-বাছাই, সত্যের প্রতি দায়বদ্ধতা এই সবের মান হারাতে বসেছে। প্রযুক্তির সুবিধা ব্যবহার করে অনেকেই সহজে সাংবাদিকতা অর্জনের বিভ্রান্তিকর পথ বেছে নিচ্ছেন। এটি শুধু পেশার মান হ্রাস করছে না, বরং সমাজের কাছে সাংবাদিকতার বিশ্বাসযোগ্যতাকেও প্রশ্নবিদ্ধ করছে। সততার সাথে সংবাদ সংগ্রহ ও প্রকাশের ঐতিহ্য এখন প্রান্তিক হচ্ছে। যদিও এখনও বহু দক্ষ, পরিশ্রমী সাংবাদিক মাঠে রয়েছেন, যারা সততার প্রদীপ জ্বালিয়ে রাখছেন। আমাদের দায়িত্ব হলো সাংবাদিকতার মূলমন্ত্র-সত্য, ন্যায্যতা এবং জনস্বার্থের প্রতি দায়বদ্ধতা পুনঃপ্রতিষ্ঠা করা। কেবল কার্ড বা প্রযুক্তি দিয়ে সাংবাদিক হওয়া যায় না; সততা, পরিশ্রম এবং ন্যায্যতার মাধ্যমে সাংবাদিকতার মর্যাদা অর্জন করতে হয়। বাংলাদেশের সংবাদপত্র ও মিডিয়াগুলোকে এখন সময় এসেছে এমন পরিবেশ গড়ে তোলার, যেখানে নতুন প্রজন্ম শিখবে যে সাংবাদিকতা কেবল একটি পেশা নয়, এটি জনতার জন্য দায়বদ্ধতার প্রতীক। (লেখকঃসংবাদকর্মী, হোমনা,কুমিল্লা।)

## মহানবী (সা.)কে অনুসরণে রয়েছে সর্বোত্তম কল্যাণ

মাওলানা আবদুর রশিদ

মহানবী হজরত মুহাম্মদ (সা.) ছিলেন সত্যিকার অর্থেই এক অনন্য মহাপুরুষ। তাঁর জীবনের প্রতিটি দিক ইতিহাসে লিপিবদ্ধ হয়েছে, যা তাঁকে মানবজাতির জন্য অনুসরণীয় আদর্শে পরিণত করেছে। তাঁর চরিত্রে কোমলতা ও দৃঢ়তার অপূর্ব সমন্বয় দেখা যায় মানুষের দুঃখে তিনি অশ্রুপাত করেছেন, আবার সত্য প্রতিষ্ঠার জন্য হাতে তুলে নিয়েছেন অস্ত্র। তিনি ছিলেন সততা, দৃঢ়তা ও কর্তব্যনিষ্ঠার প্রতীক। সমাজ সংস্কারে তিনি অবতীর্ণ হয়েছিলেন সর্বক্ষেত্রেড়অশুভ কুসংস্কার দূর করে প্রতিষ্ঠা করেছিলেন ন্যায় ও সত্য। সাহিত্যিক গোলাম মোস্তফার ভাষায়, তিনি মানুষ এবং অতিমানুষের এক অনন্য সমন্বয় ছিলেন। আল্লাহ তাআলা তাঁর সম্পর্কে কোরআনে ঘোষণা করেছেনঃ "হে মুহাম্মদ! নিশ্চয়ই আপনি অনুপম চরিত্রের অধিকারী।" প্রতিকূলতায় তিনি কখনো বিচলিত হননি। বরং দ্ব্যর্থহীন কণ্ঠে ঘোষণা করেছিলেন, "যদি সূর্য আমার ডান হাতে আর চাঁদ আমার বাঁ হাতে এনে দেওয়া হয়, তবুও আমি সত্য থেকে বিচ্যুত হব না।" ঐতিহাসিক লিওনার্ড যথার্থই বলেছেনড়যদি পৃথিবীর কোনো মানুষ স্রষ্টাকে প্রত্যক্ষ করে থাকেন এবং মানবতার কল্যাণে সর্বাধিক অবদান রেখে থাকেন, তবে তিনি হলেন আরবের নবী মুহাম্মদ (সা.)। শৈশব থেকেই তাঁর সত্যবাদিতা ও শান্তিপ্রিয়তার জন্য তিনি 'আল-আমিন' উপাধিতে ভূষিত হন। বিভক্ত আরব সমাজে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে তিনি 'হিলফুল ফুজুল' গঠন করেন। নির্যাতিত মানবতার ত্রাণকর্তা হয়ে মাত্র দুই দশকের মধ্যেই তিনি অন্ধকারে নিমজ্জিত আরব জাতিকে তৌহিদ, নৈতিকতা ও ন্যায়পরায়ণতার ভিত্তিতে ঐক্যবদ্ধ জাতিতে রূপান্তরিত করেন। মহানবী (সা.) ছিলেন দরিদ্র, অসহায় ও মজলুম মানুষের বন্ধু। ক্ষুধার্তকে খাদ্য দিয়েছেন, প্রতিবেশীর সুখ-দুঃখে শরিক হয়েছেন। দাসপ্রথার যুগে তিনি দাস-দাসীদের প্রতি সর্বোচ্চ মানবিক আচরণ প্রদর্শন করেছেন। আনাস (রা.) বলেছেন, "আমি ১০ বছর তাঁর সেবা করেছি, কিন্তু কোনোদিন তিনি আমাকে বিরক্তিসূচক একটি শব্দও বলেননি।" প্রতিহিংসা নয়, বরং ক্ষমা ও করুণাই ছিল তাঁর বৈশিষ্ট্য। তিনি ঘোষণা করেছিলেন, "শান্তি দেওয়ার জন্য আমি আসিনি, শান্তির দূত হয়ে এসেছি।" মানবতার ইতিহাসে তাই তিনি অতুলনীয় ও অদ্বিতীয়। তাঁর চরিত্রে আত্মার মহত্ত্ব, অন্তরের পবিত্রতা ও কর্তব্যনিষ্ঠা ছিল সবসময় জ্বলজ্বল। তিনি শুধু মুসলিম নন, পূর্ববর্তী সব নবী-রাসুলকেও শ্রদ্ধা প্রদর্শনের শিক্ষা দিয়েছেন। তাই মহানবী (সা.)-এর আদর্শে রয়েছে সর্বোত্তম কল্যাণ এবং সমগ্র মানবজাতির মুক্তির পথ।

## সাংবাদিকদের সাথে মত বিনিময়

(প্রথম পৃষ্টার পর)

দায়িত্ব কখনো ফাঁকি দেওয়া যাবে না।" তিনি আরও বলেন, "সাংবাদিকরা রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ। তাদের মাধ্যমে মানুষের জন্য সঠিক তথ্য পৌঁছানো জরুরি। সরকারি ওয়েবসাইটের মাধ্যমে তথ্য সরবরাহ করা হবে। প্রয়োজন অনুযায়ী অন্যান্য তথ্যও দেওয়া হবে, যা সম্ভব না হলে বিনীতভাবে জানানো হবে।" ডিসি জানিয়েছেন, তিনি মেহেরপুর জেনারেল হাসপাতালসহ অন্যান্য গুরুত্বপূর্ণ প্রকল্পের উন্নয়নে কাজ করছেন। নতুন হাসপাতাল ভবন চালু হলে জেলার চিকিৎসা সেবা সমস্যার সমাধান হবে। গাংনী ডিসি ইকো পার্ক, ক্রীড়া সংস্থা ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়েও ইতিমধ্যে নির্দেশনা দেওয়া হয়েছে। সভায় সাংবাদিকদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, দেশ রূপান্তরের জেলা প্রতিনিধি তুহিণ অরন্যো, দৈনিক আমাদের সূর্যোদয়ের ভারপ্রাপ্ত সম্পাদক ও মেহেরপুর রিপোর্টার্স ক্লাবের সভাপতি মাহবুবুল হক পোলেন, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, সাধারণ সম্পাদক মাজেদুল হক মানিক, গাংনী প্রেসক্লাবের সভাপতি তৌহিদ দৌলা রোজা, সম্পাদক মাহাবুব আলম, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, বাসাস প্রতিনিধি দিলরুবা খাতুন, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, নিউজ চ্যানেল টুয়েন্টি ফোরের প্রতিনিধি রাশেদ খান, জিটিভির প্রতিনিধি রফিকুল আলম, সময় টিভির বেনী ইয়ামিন মুক্ত, আমাদের সময়ের মীর মহলায় শিশিরসকালের খবরের লিটন মাহমুদ, ইত্তে ফাকের আমিরুল ইসলাম অন্ডাম, এখন টিভির মুজাহিদ আল মুন্না, মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপানা সম্পাদক মাহাবুব চান্দু, কাল বেলার আল রাফি, ৭১ টেলিভিশনের বেনিইয়ামিন মুক্ত, একুশে টেলিভিশনের ফারুক হোসেন, শেখ শফি প্রমুখ।

## মাসুদ অরুণের সঙ্গে সংশ্লিষ্টরা সতর্ক

(প্রথম পৃষ্টার পর)

ফেব্রুয়ারি নির্বাচন হলে তারেক রহমান দেশের প্রধানমন্ত্রী হবেন এবং তখন এ বিষয়ে ব্যবস্থা নেওয়া হবে।" আলোচনা সভায় মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপি'র সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু এবং মুজিবনগর উপজেলা বিএনপি'র সাধারণ সম্পাদক আলহাজ্ব মশিউর রহমান। এছাড়া উপস্থিত ছিলেন সদর উপজেলা বিএনপি'র সাংগঠনিক সম্পাদক সৌরভ হোসেন, বাগোয়ান ইউনিয়ন বিএনপি সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম শেখ, মহাজনপুর ইউনিয়ন বিএনপি সভাপতি আশরাফুল হক কালু, সাধারণ সম্পাদক সোনা গাইন, মোনাখালি ইউনিয়ন বিএনপি সভাপতি রায়হান কবির, সাধারণ সম্পাদক টুটুল বিশ্বাস, দারিয়াপুর ইউনিয়ন সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জিয়াউদ্দিনসহ উপজেলা বিএনপি ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।

আলোচনা সভার আগে মুজিবনগর উপজেলা বিএনপি কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র‍্যালী বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পুনরায় একই স্থানে শেষ হয়।

## নির্বাচনী পরিবেশ তৈরিতে সর্বদলীয়

(প্রথম পৃষ্টার পর)

ধারাবাহিকতায় রোববার বিএনপি, জামায়াতে ইসলামী ও এনসিপির সঙ্গে বৈঠক করেন প্রধান উপদেষ্টা। আর মঙ্গলবার বৈঠকে অংশ নেয় ইসলামী আন্দোলন, এলডিপি, গণঅধিকার পরিষদ, এবি পার্টি, নাগরিক ঐক্য, গণসংহতি আন্দোলন, গণফ্রন্ট ও হেফাজতে ইসলামের নেতারা। বৈঠক শেষে গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি বলেন, নির্বাচনী পরিবেশ তৈরির পাশাপাশি বিচার ও সংস্কার প্রক্রিয়া জরুরি। তিনি প্রস্তাব দেন, জুলাই সনদে যেসব বিষয়ে দলগুলোর ঐকমত্য আছে, তা অধ্যাদেশের মাধ্যমে কার্যকর করা হোক। এবি পার্টির চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু বলেন, কেন্দ্র থেকে উপজেলা পর্যন্ত রাজনৈতিক দলগুলোর সমন্বয়ে কমিটি গঠনের প্রস্তাব দেওয়া হয়েছে। নির্বাচন কমিশনের জন্য অভিজ্ঞ সাবেক সরকারি কর্মকর্তাদের চুক্তিভিত্তিক নিয়োগের কথাও উঠে আসে বৈঠকে। ইসলামী আন্দোলন বাংলাদেশ প্রস্তাব করে, জুলাই সনদ বাস্তবায়নে গণভোট এবং প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন (পিআর) পদ্ধতিতে নির্বাচন করা হোক। দলটির প্রেসিডিয়াম সদস্য আশরাফ আলী আকন অভিযোগ করেন, আইনশৃঙ্খলা পরিস্থিতির কোনো দৃশ্যমান উন্নতি নেই। গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান বলেন, জাতীয় পার্টিকে প্রধান বিরোধী দল বানিয়ে 'ষড়যন্ত্র' হচ্ছে বলে আশঙ্কা প্রকাশ করা হয়েছে। এ বিষয়ে বিস্ময় প্রকাশ করেন প্রধান উপদেষ্টা। তিনি আরও জানান, সচিবালয়ে আওয়ামীপন্থী আমলারা থাকলে সুষ্ঠু ভোট নিয়ে প্রশ্ন থেকে যাবে। বৈঠক শেষে হেফাজতে ইসলামের যুগ্ম মহাসচিব মাওলানা আজিজুল হক ইসলামাবাদী সাংবাদিকদের বলেন, শেখ হাসিনাকে 'কওমি জননী' উপাধি হেফাজত দেয়নি। এটি গোপালগঞ্জের এক আলেম দিয়েছেন, যিনি বায়তুল মোকাররমের খতিব ছিলেন।

## মেহেরপুরে পানিতে ডুবে শিশুর মৃত্যু

(প্রথম পৃষ্টার পর)

কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাণী ইসরাইল জানান, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। এ ঘটনায় একটি অপমৃত্যু মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

## দুই বিষয়ে অবস্থান স্পষ্ট করল

(প্রথম পৃষ্টার পর)

চেয়ারম্যান তারেক রহমান। স্থায়ী কমিটির বৈঠকে নেতারা বলেন, সাধারণ মানুষ সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) পদ্ধতি বোঝে না এবং সংবিধানেও এর উল্লেখ নেই। বাংলাদেশের বাস্তবতায় এ পদ্ধতি কার্যকর নয়। বৈঠকে আরো বলা হয়, আওয়ামী লীগ কিংবা জাতীয় পার্টিড়যে দলই অপরাধ করে থাকুক, তার বিচার হওয়া উচিত। তবে কোনো ধরনের অস্থিতিশীলতা সৃষ্টির প্রচেষ্টায় বিএনপি কখনোই সমর্থন দেবে না। এর আগে সোমবার রাতে গণঅধিকার পরিষদ কার্যালয়ে সর্বদলীয় বৈঠকে জাতীয় পার্টির অপকর্মের বিচার দাবিও উঠে। ওই বৈঠকে বিএনপির প্রতিনিধি হিসেবে ছিলেন যুগ্ম মহাসচিব হাবিব-উন-নবী খান সোহেল। সূত্র জানায়, বৈঠকে বিএনপি নির্বাচন নিয়ে বিদ্যমান রাজনৈতিক দূরত্ব কমানোর বিষয়েও আলোচনা করেছে। সমমনা দল ছাড়াও ফ্যাসিবাদবিরোধী শক্তির সঙ্গে বৈঠক করে আস্থার সেতুবন্ধন তৈরির পরামর্শ দেন নেতারা। ক্ষমতাকেন্দ্রিক কিছু দাবির বিষয়েও সমঝোতার ইঙ্গিত দেওয়া হয়। এর মধ্যে আসন ভাগাভাগি বা ভবিষ্যৎ সরকারে অংশীদার করার প্রতিশ্রুতির বিষয়ও থাকতে পারে।

বিএনপি নেতারা মনে করেন, আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি করা সরকারের দায়িত্ব। সাম্প্রতিক সহিংসতাকে 'উদ্বেগজনক' আখ্যা দিয়ে তারা দ্রুত পদক্ষেপ নেওয়ার দাবি জানান। বিশেষ করে গণঅধিকার পরিষদের সভাপতি নুরুল হক নুর ও জাগপার সভাপতি খন্দকার লুৎফর রহমানের ওপর হামলার ঘটনায় তারা গভীর উদ্বেগ প্রকাশ করেন। গত শুক্রবার রাতে কাকরাইলে জাতীয় পার্টি ও গণঅধিকার পরিষদের কর্মীদের সংঘর্ষের পর নুরুল হক নুর গুরুতর আহত হন। এরপর সোমবার রাতে সর্বদলীয় বৈঠক শেষে ফেরার পথে দুর্বৃত্তদের হামলায় জাগপা সভাপতি খন্দকার লুৎফর রহমানও আহত হন। বিএনপি মনে করছে, এসব ঘটনা নির্বাচন বিলম্বিত করার ষড়যন্ত্রের অংশ কি না, তা খতিয়ে দেখা দরকার। বৈঠকে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর প্রধান উপদেষ্টার সঙ্গে দলের সাম্প্রতিক বৈঠকের বিষয়বস্তু স্থায়ী কমিটিকে অবহিত করেন। সেখানে সংস্কার, জুলাই সনদ, পিআরসহ বিভিন্ন ইস্যুতে আগের অবস্থানই তুলে ধরা হয়। স্থায়ী কমিটির বৈঠকে আরো বলা হয়, নির্বাচনী রোডম্যাপ ঘোষণার পর নানা দাবি-দাওয়া তোলা হচ্ছে, যা বিএনপি নির্বাচন বিলম্বিত বা বানচালের ষড়যন্ত্র হিসেবে দেখছে। এ বিষয়ে নেতাকর্মীদের সতর্ক থাকার আহ্বান জানানো হয়। বৈঠকে বিএনপি মহাসচিব ছাড়াও স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেন, মির্জা আব্বাস (ভার্চুয়াল), গয়েশ্বর চন্দ্র রায়, ড. আব্দুল মঈন খান, নজরুল ইসলাম খান (ভার্চুয়াল), আমীর খসরু মাহমুদ চৌধুরী, সালাহ উদ্দিন আহমেদ, বেগম সেলিমা রহমান, ইকবাল হাসান মাহমুদ টুকু, মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ ও অধ্যাপক ডা. এজেডএম জাহিদ হোসেন উপস্থিত ছিলেন।

## প্রাইভেটকার-ভ্যান সংঘর্ষে বিএনপির

(প্রথম পৃষ্টার পর)

(আরএমও) হোসেন ইমাম বলেন, "ফরিদা ইয়াসমিন গুরুতর আহত হয়েছেন। তার মাথা ও কপালে আঘাত রয়েছে। তাকে সিটি স্ক্যান করা হয়েছে। রিপোর্ট হাতে এলে বিস্তারিত জানা যাবে।" এদিকে কুষ্টিয়া জেলা বিএনপির সদস্য সচিব প্রকৌশলী জাকির হোসেন সরকার জানান, "দলীয়ভাবে ফরিদা আপার চিকিৎসার সার্বিক খোঁজখবর রাখা হচ্ছে।" কুষ্টিয়া চৌড়হাস হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু ওবায়েদ বলেন, "কাভার্ড ভ্যান ও চালক পুলিশ হেফাজতে আছে। দুই পক্ষই সমঝোতার চেষ্টা করছে।" উল্লেখ্য, ফরিদা ইয়াসমিন ভেড়ামারার নওদাপাড়া গ্রামের বাসিন্দা হলেও দীর্ঘদিন ধরে পরিবার নিয়ে রাজধানী ঢাকায় বসবাস করছেন। রাজনৈতিক কারণে নিয়মিত এলাকায় আসা-যাওয়া করেন তিনি।

## মেহেরপুরে কৃষি কর্মকর্তার অবস্থান

(প্রথম পৃষ্টার পর)

জনস্বার্থের সঙ্গেও সরাসরি জড়িত। মেহেরপুর প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সাংবাদিক ফারুক হোসেন এ বিষয়ে বলেন, "তথ্য অধিকার আইন সাধারণ মানুষের জন্য প্রণয়ন করা হলেও সাংবাদিকরা জনগণের পক্ষ হয়ে সেই তথ্য সংগ্রহ করেন। ফলে সরকারি কর্মকর্তাদের উচিত সাংবাদিকদের কাজে সহযোগিতা করা, আইনকে অজুহাত বানানো নয়।" অন্যদিকে উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান তার অবস্থানে অনড়। তিনি জানান, "আমাকে উপর থেকে নির্দেশনা দেওয়া হয়েছে। তাই লিখিত আবেদন ছাড়া তথ্য দেওয়া সম্ভব নয়।"

## গাংনী সীমান্তে বিজিবির অভিযানে মদ

(প্রথম পৃষ্টার পর)

দায়িত্বপূর্ণ সীমান্ত পিলার ১৪৫/৫-এস থেকে প্রায় ১৫০ গজ ভেতরে বর্ডারপাড়া মাঠ এলাকায় এ অভিযান চালানো হয়। জেসিও-৯৪৩৫ সুবেদার মো. শাহবুদ্দিনের নেতৃত্বে পরিচালিত এ অভিযানে ভারতীয় ১৮ বোতল মদ ও ৭২০ পিস ডেক্সামিথাশন ট্যাবলেট জব্দ করা হয়। বিজিবি জানায়, উদ্ধারকৃত মাদকদ্রব্যের আনুমানিক সিজার মূল্য ২ লাখ ৪৩ হাজার টাকা। তবে অভিযানের সময় কাউকে আটক করা সম্ভব হয়নি। জব্দকৃত মদ ও ট্যাবলেট পরবর্তী আইনি প্রক্রিয়ার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হবে।

## গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার

(প্রথম পৃষ্টার পর)

এ সভা অনুষ্ঠিত হয়।সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। এ সময় বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মনিরুল ইসলাম, একাডেমিক সুপারভাইজার মনিরুজ্জামান, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন, আশরাফপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাজ উদ্দিন খান, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেম, বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম আজাদ, সুবিদপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহাবুল ইসলাম, কবি নজরুল শিক্ষা মঞ্জিলের প্রধান শিক্ষক সানজিদা ইসলাম, সিএমসি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক খালেদ রুমি, জাদুখালী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোস্তফা জাহিদ কামাল, সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কালাম, মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম, পিরোজপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শাজাহান আলী, বলিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল কাশেম, গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাহারুল, ক্রীড়া শিক্ষক ফারহা হোসেন লিটন, আব্দুল কুদ্দুস, মাসুদা খাতুন প্রমুখ। সভায় সিদ্ধান্ত হয়, আগামী ১৮ সেপ্টেম্বর থেকে গোভীপুর মাঠে উপজেলা পর্যায়ে গ্রীষ্মকালীন হ্যান্ডবল, কাবাডি, ফুটবল, সাঁতার ও দাবা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

## ভেড়ামারায় বিএনপির প্রতিষ্ঠাবার্ষিকী

(প্রথম পৃষ্টার পর)

সমাবেশে মিলিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন ভেড়ামারা উপজেলা বিএনপির আহবায়ক ও সাবেক উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট তৌহিদুল ইসলাম আলম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক সাইফুল ইসলাম রিকেট, উপজেলা বিএনপির সদস্য সচিব শাহাজাহান আলি, যুগ্ম আহবায়ক জানবার হোসেন, মোস্তাক আহমেদ মিন্টুসহ অন্যান্য নেতৃবৃন্দ।

## চুয়াডাঙ্গায় ক্লিনিক-ডায়াগনস্টিক

(প্রথম পৃষ্টার পর)

ফ্রিজ ও সংরক্ষণ ব্যবস্থা তদারকি করা হয়।

অভিযান শেষে জনতা ক্লিনিক অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টার ও নিউ জনতা ডায়াগনস্টিক সেন্টারকে ৩০,০০০ টাকা করে মোট ৬০,০০০ টাকা জরিমানা করা হয়। একইসঙ্গে প্রতিষ্ঠানগুলোকে প্রয়োজনীয় কাগজপত্র হালনাগাদ করা এবং ভবিষ্যতে মেয়াদোত্তীর্ণ রিএজেন্ট ব্যবহার থেকে বিরত থাকার নির্দেশনা দেওয়া হয়। অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মামুনুল হাসান। অভিযানে সহায়তা করেন পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক নরেশ চন্দ্র বিশ্বাস, পৌর স্যানিটারী ইন্সপেক্টর নার্গিস জাহান, ক্যাব প্রতিনিধি মোঃ রফিকুল ইসলাম এবং জেলা পুলিশের একটি টিম।

## মেহেরপুরে গাঁজা সহ যুবক আটক

(প্রথম পৃষ্টার পর)

উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. খায়রুল ইসলাম মোবাইল কোর্ট বসিয়ে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর সংশ্লিষ্ট ধারায় রাসেলকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। অর্থদণ্ড প্রদানের পর দণ্ডপ্রাপ্তকে মেহেরপুর কারাগারে পাঠানো হয়েছে।

## গাংনীতে তেঁতুলবাড়ীয়া ইউপি

(প্রথম পৃষ্টার পর)

সালিশ চলাকালে দেখা যায়, চেয়ারম্যানের কক্ষ তালাবদ্ধ অবস্থায় রয়েছে। স্থানীয়দের অভিযোগ, চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস অফিসে অনিয়মিত থাকেন। বিশেষ করে গত ৫ আগস্ট থেকে তিনি কার্যত পরিষদে আসেন না। ক্ষোভ থেকেই তিনি কক্ষে তালা ঝুলিয়ে রেখেছেন বলে জানা গেছে। করমদী গ্রামের রফিকুল ইসলাম বলেন, "আমরা ইউনিয়ন পরিষদে আসি সেবা নিতে। চেয়ারম্যান না থাকলেও কক্ষ খোলা থাকলে অনেক কাজ হতো। কিন্তু তালা থাকায় কাজ বন্ধ হয়ে যাচ্ছে।"

সহরতলা গ্রামের সাইফুল ইসলাম জানান, "এটা সরকারি কার্যালয়। ব্যক্তিগত কারণে তিনি কক্ষ বন্ধ রাখতে পারেন না।" রামদেবপুর গ্রামের মজনুও ক্ষোভ প্রকাশ করে বলেন, "আমাদের বিভিন্ন প্রয়োজনের জন্য চেয়ারম্যানের সাক্ষাৎ দরকার হয়। কয়েক সপ্তাহ ধরে কক্ষে তালা ঝুলছে। আমরা কোথায় গিয়ে বলব?" স্থানীয় সচেতন মহলের মতে, ইউনিয়ন পরিষদ হলো জনগণের নিত্যপ্রয়োজনীয় সেবার জায়গা। সেখানে চেয়ারম্যান নিজ কক্ষে তালা ঝুলিয়ে রাখায় সাধারণ মানুষ হয়রানির শিকার হচ্ছেন। দ্রুত প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছেন তারা। ইউনিয়ন পরিষদের কয়েকজন কর্মচারীও নাম প্রকাশ না করার শর্তে বলেন, চেয়ারম্যান দীর্ঘদিন ধরেই পরিষদে নিয়মিত নন। এতে সরকারি কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং জনগণ ভোগান্তিতে পড়ছেন। এ বিষয়ে গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন বলেন, "বিষয়টি আমাদের জানা নেই। তবে চেয়ারম্যানের কক্ষ তালাবদ্ধ থাকলে তা তদন্ত করে দেখা হবে। সরকারি অফিসে এভাবে তালা ঝুলিয়ে রাখা অনিয়ম। প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।"

## মেহেরপুরে বিএনপি'র দুই পক্ষের

(প্রথম পৃষ্টার পর)

৯টার দিকে কালিগাংনী গ্রামের ঘোনার মোড়ে এ ঘটনা ঘটে। ঘটনার পরপরই পুলিশ ও র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব-১২) ঘটনাস্থলে পৌঁছে তিনজনকে জিজ্ঞাসাবাদের জন্য হেফাজতে নিয়েছে। তারা হলেনড়প্রবাস ফেরত জিনারুল ইসলাম, সাবদার আলী ও তার ছেলে হাসানুজ্জামান। বিষয়টি মেহেরপুর সদর থানার ওসি মেজবাহ উদ্দীন নিশ্চিত করেছেন। স্থানীয়রা জানান, ঘোনার মোড়ে একটি চা দোকানে ইউপি সদস্য কাসেম আলী ও জেলা বিএনপি'র সাবেক সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন গ্রেুপের সমর্থক সাবদার আলীর মধ্যে তর্ক-বিতর্ক শুরু হয়। একপর্যায়ে তা হাতাহাতিতে রূপ নেয়। এসময় মফেজ আলী ঘটনাস্থলে উপস্থিত হয়ে সংঘর্ষে জড়িয়ে পড়েন। এসময় সাবদার আলী'র আঘাতে মফেজ আলী মাটিতে লুটিয়ে পড়েন। স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

খবর পেয়ে পুলিশ, ডিবি ও র‍্যাবের সদস্যরা ঘটনাস্থলে গিয়ে অভিযান চালায়।অভিযানে সাবদার আলী, সবদার আলীর ছেলে হাসানুজ্জামান ও জিনারুল ইসলামকে পুলিশ হেফাজতে নেয়া হয়। তবে নিহতের পিতা জামাল আলী বলেন, "আমার ছেলেকে কেউ আঘাত করেনি, কিল-ঘুষির মাঝে পড়ে তার মৃত্যু হয়েছে।" ওসি মেজবাহ উদ্দীন জানান, ঘটনার সাথে জড়িত একজনকে হেফাজতে নেয়া হয়েছে। নিহতের লাশ ময়নাতদন্তের জন্য হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। বর্তমানে এলাকায় অতিরিক্ত পুলিশ ও র‍্যাব মোতায়েন রয়েছে এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।

## ভারত দল না আসায় বড় ক্ষতির মুখে বাংলাদেশ ক্রিকেট

সূর্যোদয় প্রতিবেদন

ভারত দল সফরে না আসায় বড় ধাক্কার মুখে বাংলাদেশ। মাঠের খেলার দিক দিয়ে তো বটেই, আর্থিক দিক দিয়েও বড় লোকসানের মুখে পড়ে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। বড় অঙ্কের আয় হাতছাড়া হয় টাইগারদের। যদিও এতদিন কোনো আনুষ্ঠানিক ঘোষণা আসেনি। তবে এবার মুখ খুললেন বিসিবি সভাপতি আমিনুল ইসলাম বুলবুল। জানান, ভারত না আসায় আর্থিক ক্ষতির মুখে পড়েছে দেশের ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা।

তিনি বলেন, 'ভারত আসার কথা ছিল বাংলাদেশে; কিন্তু আসেনি। আমরা কিছুটা আর্থিক ক্ষতিতে আছি এই সিরিজ নিয়ে। তবুও আমরা নেদারল্যান্ডস সিরিজ আয়োজন করেছি।' ভারত না আসায় এশিয়া কাপের আগে নিজেদের ঝালিয়ে নিতে একটা প্রতিপক্ষের দরকার ছিল বাংলাদেশের। তাই তাড়াহুড়ো করে নেদারল্যান্ডসের বিপক্ষে সিরিজটি আয়োজন করে বিসিবি। সিলেটে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের প্রথম দু'টিতে বাংলাদেশের বিপক্ষে কোনো লড়াই করতেই পারেনি তুলনামূলক দুর্বল ডাচরা। এ অবস্থায় প্রস্তুতির ঘাটতি কতখানি পূরণ হচ্ছে, তা নিয়ে সন্দেহ থাকতেই পারে। এ প্রসঙ্গে আমিনুল বলেন, 'কলকাতায় সর্বশেষ ওয়ানডে বিশ্বকাপে নেদারল্যান্ডসের কাছে আমরা হেরেছিলাম। তাই শক্তির ব্যাপারের চেয়ে বড় ব্যাপার হলো প্রস্তুতি।' এশিয়া কাপ এবং ২০২৬ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপের জন্য এখন থেকেই বাংলাদেশের প্রস্তুতি শুরু বলে দাবি বিসিবি সভাপতির। তিনি বলেন, 'আমরা ভালো খেলছি। এশিয়া কাপ ও ২০২৬ সালের যে বিশ্বকাপ হবে তার প্রস্তুতি চলছে এখন।' উল্লেখ্য, ভারত না আসায় মিডিয়া স্বত্ব নীতিতে বড় ধরনের প্রভাব পড়ে। এফটিপিতে ভারতের বিপক্ষে সিরিজ থাকায় বিসিবির পরিকল্পনা ছিল ২০২৪ থেকে ২০২৭ পর্যন্ত মিডিয়া স্বত্ব একসাথে বিক্রির। মূলত ভারতের মতো বড় দলের উপস্থিতির কারণে সেই প্যাকেজে উচ্চমূল্য আশা করেছিল তারা। কিন্তু ভারত না এলে ওই প্যাকেজের আকর্ষণ অনেকটাই কমে যায়। ফলে বড় আর্থিক লোকসানের মুখে পড়ে বিসিবি।

## ভেনেজুয়েলার নৌযানে যুক্তরাষ্ট্রের হামলা, নিহত ১১

সূর্যোদয় প্রতিবেদন

ভেনেজুয়েলা থেকে মাদক বহনের অভিযোগে একটি নৌকায় হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী। এ ঘটনায় অন্তত ১১ জন নিহত হয়েছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বিষয়টি নিশ্চিত করেছেন। মঙ্গলবার (২ সেপ্টেম্বর) নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যাল-এ হামলার একটি ভিডিও প্রকাশ করেন ট্রাম্প। তিনি দাবি করেন, নিহতরা ভেনেজুয়েলার কুখ্যাত গ্যাং "ট্রেন দে আরাগুয়া"-এর সদস্য। এ সময় তিনি সতর্কবার্তা দিয়ে লিখেন, "যারা যুক্তরাষ্ট্রে মাদক পাঠানোর চিন্তা করছেন, এই ভিডিও তাদের জন্য হুঁশিয়ারি।" একই দিন বিকেলে ওভাল অফিসে সংবাদ সম্মেলনেও ট্রাম্প এ হামলার প্রসঙ্গ টেনে আনেন। তিনি জানান, হামলার সময় তার সঙ্গে ছিলেন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ এবং ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। আল জাজিরার প্রতিবেদনে বলা হয়, এ ঘটনায় যুক্তরাষ্ট্র ও ভেনেজুয়েলার মধ্যে উত্তেজনা নতুন মাত্রায় পৌঁছেছে। কারণ ট্রাম্প কোনো প্রমাণ ছাড়াই ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরোকে আন্তর্জাতিক গ্যাং কার্যকলাপের সঙ্গে জড়িয়ে দোষারোপ করছেন।

এদিকে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও জানিয়েছেন, হামলাটি দক্ষিণ ক্যারিবীয় অঞ্চলে সংঘটিত হয়েছে। তবে সুনির্দিষ্ট স্থান প্রকাশ করা হয়নি।

রয়টার্সের খবরে বলা হয়, যুক্তরাষ্ট্র বর্তমানে ক্যারিবীয় সাগরে সাতটি যুদ্ধজাহাজ ও একটি পারমাণবিক শক্তিচালিত সাবমেরিন মোতায়েন করেছে। এতে রয়েছেন চার হাজার ৫০০-এরও বেশি মার্কিন সেনা। এই পরিস্থিতি ভেনেজুয়েলার সঙ্গে সরাসরি সামরিক সংঘর্ষের আশঙ্কা বাড়াচ্ছে।

প্রতিক্রিয়ায় ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলাস মাদুরো কঠোর হুঁশিয়ারি দিয়ে বলেন, "আমার দেশের ওপর সামরিক হামলা চালানো হলে ভেনেজুয়েলাকে অস্ত্রধারী প্রজাতন্ত্রে রূপান্তরিত করা হবে।" ট্রাম্প বরাবরই মাদুরো সরকারকে মাদক-সন্ত্রাসবাদের সঙ্গে জড়িয়ে অভিযোগ করে আসছেন। এমনকি মাদুরোর বিরুদ্ধে পুরস্কারের অঙ্ক বাড়িয়ে ৫ কোটি ডলার ঘোষণা করেছেন তিনি। তবে যুক্তরাষ্ট্রের নিজস্ব গোয়েন্দা সংস্থার প্রতিবেদনগুলোতে মাদুরোর সঙ্গে "ট্রেন দে আরাগুয়া" গ্যাংয়ের কোনো সম্পর্ক নেই বলে উল্লেখ করা হয়েছে।

## মালয়েশিয়ায় ৩৭৭ বাংলাদেশিসহ নথিহীন ৭৭০ অভিবাসী আটক

সূর্যোদয় প্রতিবেদন

মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরের বুকিত বিনতাং এলাকায় ব্যাপক অভিযানে নথিহীন ৭৭০ জন বিদেশি অভিবাসীকে আটক করেছে দেশটির ইমিগ্রেশন বিভাগ। এদের মধ্যে সর্বাধিক ৩৭৭ জনই বাংলাদেশি। স্থানীয় গণমাধ্যম দ্য স্টার-এর প্রতিবেদন অনুযায়ী, মঙ্গলবার গভীর রাতে এ অভিযান চালানো হয়। আটক হওয়া বাংলাদেশিদের সবাই পুরুষ এবং বয়স ২১ থেকে ৬৫ বছরের মধ্যে। এ ছাড়া আটক হওয়া অন্য বিদেশিদের মধ্যে রয়েছেনঃ ২৩৫ জন মিয়ানমারের নাগরিক, ৭২ জন নেপালি, ৫৮ জন ভারতীয়, ১৭ জন ইন্দোনেশীয় বিভিন্ন দেশের আরও কয়েকজন নারী ও পুরুষ। অভিযানে প্রায় ২,৪৪৫ জনকে তল্লাশি করা হয়। এর মধ্যে ১,৬০০ জন ছিলেন বিদেশি এবং ৮৪৫ জন স্থানীয়।

অভিবাসন বিভাগের আইনপ্রয়োগ শাখার পরিচালক বসরি ওথমান জানান, বুকিত বিনতাং এলাকা সরু গলি ও অন্ধকারাচ্ছন্ন হওয়ায় এটি নথিহীন অভিবাসীদের আশ্রয়স্থল হয়ে উঠেছিল। গত কয়েক সপ্তাহ ধরে অবৈধ অভিবাসীদের বিষয়ে অভিযোগ পাওয়া যাচ্ছিল। এর ভিত্তিতেই অভিযান চালানো হয়। আটক হওয়া ব্যক্তিদের কারও বৈধ কাগজপত্র ছিল না, আবার কারও থাকার মেয়াদ শেষ হয়ে গেছে। তিনি আরও বলেন, অভিযানের সময় একটি অনলাইন জুয়ার আস্তানার খোঁজ মেলে। সেখানে সিসি ক্যামেরা বসানো ছিল। ভেতরে ঢুকে সাতজন বিদেশিকে জুয়ারত অবস্থায় পাওয়া যায়, তাদেরও আটক করা হয়। প্রাথমিক তদন্তের অংশ হিসেবে সবাইকে পুত্রজায়ায় ইমিগ্রেশন বিভাগের কার্যালয়ে নেওয়া হয়েছে। সেখানেই তাদের বিরুদ্ধে আইনি প্রক্রিয়া শুরু হবে। এই অভিযানে বিপুলসংখ্যক বাংলাদেশির আটক হওয়ায় বিষয়টি এখন বাংলাদেশ দূতাবাস ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের নজরে আসবে বলে আশা করা হচ্ছে।